

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ রাসূলুল্লাহ (ﷺ) বিষয়ক জাল হাদীস রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১৪. নূর মুহাম্মাদীর ময়ূর রূপে থাকা

এ বিষয়ক প্রচলিত অন্যান্য কাহিনীর মধ্যে রয়েছে নূর মুহাম্মাদীকে ময়ূর আকৃতিতে রাখা। এ বিষয়ক সকল কথাই ভিত্তিহীন। কোনো সহীহ, যয়ীফ বা মাউযূ হাদীসের গ্রন্থে এর কোনো প্রকার সনদ, ভিত্তি বা উল্লেখ পাওয়া যায় না। বিভিন্ন ভাবে গল্পগুলো লেখা হয়েছে। যেমন, আল্লাহ তায়ালা শাজারাতুল ইয়াকীন নামক একটি বৃক্ষ সৃষ্টি করেন। অতঃপর রাসূলুল্লাহ (ﷺ)-এর নূর মোবরককে একটি ময়ূর আকৃতি দান করত স্বচ্ছ ও শুল্র মতির পর্দার ভিতরে রেখে তাকে সে বৃক্ষে স্থাপন করলেন... ক্রমান্বয়ে সে নূর থেকে সব কিছু সৃষ্টি করলেন... রহগণকে তাঁর দিকে দৃষ্টিপাত করতে নির্দেশ দিলেন.. ইত্যাদি...। জাল হাদীসের জাল বই ছাড়া কোথাও এর সনদ পাওয়া যায় না।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4800

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন